ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৬৭০
সোনামুড়া, ১৪ মে, ২০২৫

**নলছড় ব্লক এলাকার নানা উন্নয়নমূলক কাজ**

গত অর্থবছরে কৃষি দপ্তরের উদ্যোগে নলছড় ব্লক এলাকায় বেশ কিছু উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হয়েছে। এরমধ্যে প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চাই যোজনায় ব্লক এলাকায় লক্ষণঢেপা, রাঙ্গামাটি, পূর্ব নলছড় ও জুমেরঢেপাতে চারটি নতুন পুকুর খনন করা হয়েছে। এই কাজে ব্যয় হয়েছে তিন লক্ষ ষাট হাজার টাকা। এই প্রকল্পে পশ্চিম দুর্লভ নারায়ন, কলিরাম খাসচৌমুহনী, রামদাপাড়া, বগাবাসা, পূর্বদুর্লভ নারায়ন ও রাঙ্গামাটিতে ড্রিপ পদ্ধতিতে জল সেচের ব্যবস্থা করা হয়েছে। তাতে ব্যয় হয়েছে ৫ লক্ষ ৪৫ হাজার ৩৪০ টাকা। এছাড়া হর্টিকালচার ইন্টেগ্রেটেট ডেভেলপমেন্ট মিশনে খাসচৌমুহনী, পশ্চিম নলছড়, পূর্ব দুর্লভ নারায়ন ও বড়দোয়ালে চারটি নতুন পুকুর খনন করা হয়েছে। ব্যয় হয়েছে তিন লক্ষ ষাট হাজার টাকা। এই প্রকল্পে রাজীবনগর, তকছাপাড়া, পূর্ব দুর্লভ নারায়ন ও কেমতলিতে ৪টি ভার্মি কম্পোস্ট পিট তৈরি করা হয়েছে। ব্যয় হয়েছে ২ লক্ষ টাকা। বাগাবাসা ও পশ্চিম নলছড়ে ১৩ জন সুবিধাভোগীকে ফুলবাগান তৈরিতে সহায়তা করা হয়েছে। ব্যয় হয়েছে এক লক্ষ ২৬ হাজার টাকা। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উদ্যোগে গ্রামীণ এলাকার মানুষকে আর্থিকভাবে স্বাবলম্বী করার লক্ষ্যে ব্লক এলাকার ৫১ জন কৃষককে গবাদি পশুর খাদ্য প্রদান করা হয়েছে। তাতে ব্যয় হয়েছে ২ লক্ষ ৪৪ হাজার ৮০০ টাকা। নলছড় ব্লক কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

*****